

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫০/২০১৫

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান

পিতা-মোঃ নুরুল ইসলাম, গ্রাম-১ নং  
কলমা, পোস্ট-ডেইরী ফার্ম, থানা-সাভার,  
জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ ছামছদ্দিন

সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

সাভার পৌরসভা, সাভার, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৩-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ২৮-১০-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার পৌরসভা, গেন্ডা, সাভার, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবন অনুমোদনের ফটোকপিসহ বিস্তারিত বিবরণ।
- খ) সাভার পৌরসভা কর্তৃক এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল ভবনের নকশা, ডিজাইন প্লানসহ বিস্তারিত বিবরণ।
- গ) ভবন অনুমোদন যে সকল কর্মকর্তা স্বাক্ষর করেছেন তাদের নাম, পদবি ও মোবাইল নম্বর।
- ঘ) এনাম মেডিকেল কলেজ ও হাসপাতালের জমির দলিলের ফটোকপি।
- ঙ) ভবনটির কয় তলার অনুমোদন দেয়া হয়েছে? পৌর কর্তৃপক্ষের সিল মোহরসহ লিখিত চাই।
- চ) গ্রাউন্ড ফ্লোরের দৈর্ঘ্য ও প্রস্থের পরিমাণ কত?
- ছ) এনাম মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০০৭-২০০৮ ও ২০১৩-২০১৪ সনের ট্যাক্স আদায়ের অবিকল ফটোকপি।
- জ) নিয়ম অনুযায়ী মেডিকেল বা সেবামূলক প্রতিষ্ঠানগুলোর প্রতি স্কয়ার ফিট জায়গা বাবদ কত টাকা ট্যাক্স আদায় করা হয়ে থাকে।
- ঝ) পৌর এলাকার ভবন নির্মাণের প্রবিধানমালার অবিকল ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-১২-২০১৪ তারিখে মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সাভার পৌরসভা, গেন্ডা, সাভার, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৮-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৩-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ ছামছদ্দিন, সচিব (অতিরিক্ত দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার পৌরসভা, সাভার, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, সমন জারীর পর তথ্য পেয়েছেন এবং অভিযোগ প্রত্যাহারের জন্য অনুরোধ জানান।

০৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার পৌরসভা, সাভার, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অতিরিক্ত দায়িত্বে আছেন। অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন। অভিযোগকারী শুনানীকালে অভিযোগ প্রত্যাহারের অনুরোধ জানান।

## সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী তার প্রার্থীত তথ্য পেয়েছেন এবং প্রত্যাহারের অনুরোধ জানিয়েছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং সরবরাহকৃত তথ্যের ফটোকপি তথ্য কমিশনে পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রেরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সচিব, সাভার পৌরসভাকে নির্দেশ দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার